

■■ হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ অশুদ্ধ হাদীসের বিষয়ভিত্তিক মূলনীতি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২৬. আজগুবি সাওয়াব বা শাস্তি

মুহাদ্দিসগণ সনদ বিচার ছাড়াও যে সমস্ত অর্থ ও তথ্যগত বিষয়কে জাল হাদীসের চিহ্ন হিসাবে উল্লেখ করেছেন তার অন্যতম বিষয় অস্বাভাবিক সাওয়াব বা শান্তির বিবরণ। বিভিন্ন প্রকারের সামান্য নফল ইবাদত বা অত্যন্ত সাধারণ ইবাদত, যিকির, দোয়া, কথা, কর্ম বা চিন্তার জন্য অগণিত আজগুবি সাওয়াবের বর্ণনা। এক্ষেত্রে জালিয়াতগণ কখনো সহীহ হাদীসে প্রমাণিত যিকির, সালাত, দোয়া বা ইবাদতের এরূপ আজগুবি সাওয়াব বলেছে। কখনো বা বানোয়াট যিকির, সালাত, সিয়াম ইবাদত তৈরি করে তার বানোয়াট আজগুবি সাওয়াব বর্ণনা করেছে। এসকল জাল হাদীসের ভাষা নিম্নরূপ:

যে ব্যক্তি একবার অমুক যিকির বলবে, অমুক বা অমুক কাজটি করবে তার জন্য এক লক্ষ নেকী, একলক্ষ পাপ মোচন...। অথবা তার জন্য জান্নাতে একলক্ষ বৃক্ষ রোপন, প্রত্যেক গাছের... গোড়া স্বর্ণের... ডালপালা... পাতা... ইত্যাদি কাল্পনিক বর্ণনা...। অথবা তার জন্য একলক্ষ শহীদের সাওয়াব, সিদ্দীকের সাওয়াব...। অথবা তার জন্য একটি ফিরিশতা/পাখি বানানো হবে, তার এত হাজার বা এত লক্ষ মুখ থাকবে... ইত্যাদি। অথবা অমুক দোয়া পাঠ করলে লোহা গলে যাবে, প্রবাহিত পানি থেমে যাবে.. প্রত্যেক অক্ষরের জন্য এত লক্ষ ফিরিশতা.... ইত্যাদি।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4745

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন